



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



তারিখ ও স্মারক ঠিক রেখে সংশোধিত

নং-বামাশিবো/প্রশাসন/ সিরাজগঞ্জ-১৩৬/৭০৪

তারিখ: ১১.১২.২০১৯ খ্রি.

বিষয়: মহামান্য আদালতের নির্দেশনা অনুযায়ী জমাকৃত ম্যানেজিং কমিটি অনুমোদনের বিষয়ে উভয় পক্ষের বক্তব্য ও বোর্ডের সিদ্ধান্ত প্রেরণ প্রসঙ্গে

- সূত্রঃ
- ১) নং-বামাশিবো/প্রশা/২২৬১৮১২৮৪৩৯২/৯৮৮৯/নথি নং-১৩৬; তারিখ: ১১.০৬.২০১৮ খ্রি.
 - ২) নং-বামাশিবো/প্রশা/২৩১১৮১২৮৪৩৯১/১০৪৬১/নথি নং-১৩৬; তারিখ: ২৬.০৬.২০১৮ খ্রি.
 - ৩) নং-বামাশিবো/প্রশাসন/ সিরাজগঞ্জ-১৩৬/৬০৭/নথি নং-১৩৬; তারিখঃ ০৯.১০.২০১৮ খ্রি.
 - ৪) নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-১৩৬/৬৮৩; তারিখঃ ১৮.০৯.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন যমুনা সেতু দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার পরিচয়ে মাওঃ মোঃ ছানোয়ার হোসেন অনলাইনের মাধ্যমে গত ০৪.০১.২০১৮ খ্রি. তারিখে নিয়মিত ম্যানেজিং কমিটি থাকাকালীন সভাপতি মনোনয়নসহ ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য বোর্ডে আবেদন করেন। কিন্তু উক্ত কমিটির নির্বাচনী ফলাফল বাতিল করে উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জ ০৭/০১/২০১৮ খ্রি. তারিখে বোর্ডে পত্র প্রেরণ করেন। যার প্রেক্ষিতে জমাকৃত ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়া হয়নি। দাখিলকৃত কমিটি অনুমোদন প্রদানের বিষয়ে প্রতিষ্ঠাতা ড. মোনাম আব্দুল আজিজ জোয়ারদার কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের নির্বাচনী ফলাফল বাতিলকৃত স্মারক পত্রের বিরুদ্ধে মহামান্য সূপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ২৪২০/২০১৮ দায়ের করায় মহামান্য হাইকোর্ট নির্বাচনী ফলাফল বাতিলের সিদ্ধান্ত কেন অবৈধ হবেনা তৎমর্মে Rule জারি করেন ও বোর্ডকে e-Service দরখাস্ত নং ২২১১৮১২৮৪৩৯১ (Annexure-E) নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন।

পরবর্তীতে সূত্রোক্ত ১নং স্মারকে ভারপ্রাপ্ত সুপারের আবেদনের প্রেক্ষিতে মাদ্রাসার পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি দেয়া হয় এবং সূত্রোক্ত ২নং স্মারকে এডহক কমিটি অনুমোদন দেয়া হয়। মহামান্য আদালতের স্থগিত আদেশের প্রেক্ষিতে সূত্রোক্ত ৩নং স্মারকে এডহক কমিটির কার্যকারিতা স্থগিত করা হয়।

বর্ণিত e-Service application সহ মাদ্রাসার কমিটি সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে সুপার (সাময়িক বরখাস্তকৃত), ভারপ্রাপ্ত সুপার, মামলার বাদী, ম্যানেজিং কমিটির সভাপতিসহ সংশ্লিষ্ট সকলকে ৪নং স্মারকে সূত্রে উল্লেখিত পত্র মোতাবেক ৪র্থ বারের মত শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করার জন্য পত্র দেয়া হয়। শুনানীকালীন জানা যায় যে, দাখিলকৃত ম্যানেজিং কমিটির সভাপতি ১৪/০২/২০১৯ খ্রি. তারিখে মৃত্যুবরণ করেন।

মহামান্য হাইকোর্টের আদেশ বাস্তবায়নের নিমিত্তে বোর্ডে দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনুমোদনের লক্ষ্যে জমাকৃত ম্যানেজিং কমিটির সভাপতি মৃত্যুবরণ করায় বিধি মোতাবেক পুনরায় সভাপতি মনোনয়ন করে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার/ভারপ্রাপ্ত সুপার
যমুনা সেতু দাখিল মাদ্রাসা, সদর, সিরাজগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/ সিরাজগঞ্জ-১৩৬/৭০৪

তারিখ: ১১.১২.২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিরাজগঞ্জ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সিরাজগঞ্জ;
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪